...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

# সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ১৫ জানুয়ারি, ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ক্ষুধা ও দারিদ্রমুক্ত স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় পূণ্যভূমি সিলেট এর উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেয়ার আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর ডিসেম্বর ২০২২ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের আলোকে বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রসমূহ উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, সিলেট জানান, কোভিড-১৯ মোট ভ্যাক্সিনেশনের হার ১ম ডোজ ৮৯.৬১%, ২য় ডোজ ৮৬.৬১%, ৩য় ডোজ ৪০.৭১%, এবং ৪র্থ ডোজ- ৬৯৭৮ জন কে প্রদান করা হয়েছে। হঠাৎ ওমিক্রনের একটি সাব-ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়ায় সর্বত্র সতর্কবার্তা জারী করা হয়। এজন্যে ২য় ডোজ গ্রহণকারীদের ৩য় ডোজ ও ৩য় ডোজ গ্রহণকারীদের ৪র্থ ডোজ গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য তিনটি বন্দরে ইতোমধ্যে ৬০৯ জনকে কোভিড এন্টিজেন টেস্ট করা হয়, যার মধ্যে কেউই সংক্রমিত হননি।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, জৈন্তাপুর জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিরাপত্তাকর্মী ও পরিচ্ছন্নতাকর্মী নেই। উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা আহবানের জন্য সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জৈন্তাপুরকে অনেকবার অনুরোধ করা হলেও কাজ হয়নি। পর্যটন এলাকা এবং জনগণের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান তিনি। | ১. করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে কোভিড ভ্যাক্সিন ২য় ডোজ গ্রহণকারীদের ৩য় ডোজ ও ৩য় ডোজ গ্রহণকারীদের ৪র্থ ডোজ ভ্যাক্সিন গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে।<br>২. ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরসহ অন্যান্য বন্দরসমূহে র‍্যাপিড এন্টিজেন টেস্ট অব্যাহত রাখতে হবে।<br>৩. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের চাহিদার প্রেক্ষিতে নিরাপত্তাকর্মী ও পরিচ্ছন্নতাকর্মী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের বিভিন্ন সমস্যা উদঘাটন ও সমাধানের স্বার্থে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. সিভিল সার্জন, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৪. মেয়র, পৌরসভা (সকল), সিলেট<br>৫. পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ২. | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সিভিল সার্জন, সিলেট জানান, মেরামতযোগ্য স্বাস্থ্য স্থাপনাসমূহ যেমন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন সাব-সেন্টার জরুরিভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সভাপতি নিয়মিত মেরামত কার্যক্রমের জন্য কোন বরাদ্দ দেয়া হয় কিনা জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট জানান, এরকম কোন বরাদ্দ নেই এবং চাহিদার প্রেক্ষিতে যে বরাদ্দ পাওয়া যায় তা অপ্রতুল। স্বাস্থ্য স্থাপনাসমূহের মেরামতের জন্য বাৎসরিক বরাদ্দ প্রদান অথবা চাহিদার প্রেক্ষিতে পর্যাপ্ত অর্থ বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রস্তাব উঠে আসে।<br>বিদ্যুৎ সাশ্রয়ের জন্য নির্মানাধীন স্থাপনাসমূহে পিএফআই (Power Factor Improvemet) প্ল্যান্ট স্থাপন নিয়ে আলোচনা হয়। | ১. স্বাস্থ্য স্থাপনাসমূহের মেরামতের জন্য বাৎসরিক বরাদ্দ প্রদান অথবা চাহিদার প্রেক্ষিতে পর্যাপ্ত অর্থ বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>২. বিদ্যুৎ সাশ্রয়ের জন্য নির্মানাধীন স্থাপনাসমূহে পিএফআই (পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট) প্ল্যান্ট স্থাপনের জন্য মন্ত্রণালয়ে বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট<br>২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট<br>৩. সিভিল সার্জন, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সড়ক ও জনপথ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট জানান, এয়ারপোর্ট রোডে বড়শালা বাজার নামে একটি ভ্রাম্যমান বাজার রয়েছে। পূর্বে এটি এয়ারপোর্টের জায়গায় ছিলো। এয়ারপোর্ট কর্তৃপক্ষ তাদের জায়গা বুঝে নেয়ার কারণে বর্তমানে বাজারটি রাস্তার পার্শ্বে চলে আসছে। তিনি আরও জানান, বাধাঘাট উন্নয়ন প্রকল্পের ১২ কি.মি. এর মধ্যে ৪ কি.মি. অধিগ্রহণ করা হয়েছে। উক্ত অংশে কার্যক্রম গ্রহণের জন্য গ্যাস ও বিদ্যুৎ বিভাগের কো-অপারেশন প্রয়োজন।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফেঞ্চুগঞ্জ জানান, ফেঞ্চুগঞ্জ-ব্রাহ্মণবাজার-মাইজগাঁও রাস্তাটি খুবই খারাপ। তিনি পরিদর্শনক্রমে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, সওজ এঁর দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বিয়ানীবাজার জানান, বিয়ানীবাজার-গোলাপগঞ্জ এর কিছু অংশ ও এতিমগঞ্জের অনেকাংশে রাস্তার অবস্থা খুবই খারাপ।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, গোলাপগঞ্জ জানান, গোলাপগঞ্জের কোড়া নদীর উপর একটি ব্রিজ অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। | ১. এয়ারপোর্ট রোডে পার্শ্বে ভ্রাম্যমান বড়শালা বাজার অপসারণের/স্থানান্তরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২. বাধাঘাট উন্নয়ন প্রকল্পের ১২ কি.মি. এর মধ্যে অধিগ্রহণকৃত ৪ কি.মি. অংশে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য গ্যাস ও বিদ্যুৎ বিভাগ প্রয়োজনীয় সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ফেঞ্চুগঞ্জ-ব্রাহ্মণবাজার-মাইজগাঁও সড়ক পরিদর্শনক্রমে মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ হবে। করতে<br>৪. সিলেট-গোলাপগঞ্জ-বিয়ানীবাজার সড়কের মেরামত কাজ ত্বরান্বিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫. গোলাপগঞ্জের কোড়া নদীর উপর একটি ব্রিজ মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর/ফেঞ্চুগঞ্জ/গোলাপগঞ্জ, সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট<br>৪. পিডিবি, বিক্রয় ও বিতরণ কেন্দ্র, সিলেট<br>৫. উপমহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর জানান, গোলাপগঞ্জ উপজেলাধীন আমুড়া ব্রিজ নির্মাণের জন্য ১২৬ কোটি টাকা অনুমোদন পাওয়া গেছে। কার্যক্রম শুরুর লক্ষ্যে জমি অধিগ্রহণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সরেজমিন পরিদর্শন প্রয়োজন।<br>সিলেট জেলাধীন গোলাপগঞ্জ উপজেলার লক্ষ্মীপাশা ইউনিয়নের বারোকোট গ্রামে অবস্থিত মোঘল স্থাপত্যের প্রত্নতত্ত্ব নিদর্শন 'দেওয়ানের পুল' ভেঙ্গে ফেলাকে কেন্দ্র করে বিভিন্ন সমস্যা ও সমাধানকল্পে বিস্তারিত আলোচনা হয়।<br>বালাগঞ্জ উপজেলাধীন বাংলাবাজার রোডের নির্মাণ কাজে একইসাথে এলজিইডি ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অর্থ বরাদ্দে বিভিন্ন জটিলতা ও সমাধানকল্পে বিস্তারিত আলোচনা হয়। | ১. গোলাপগঞ্জ উপজেলাধীন আমুড়া ব্রিজ নির্মাণ কার্যক্রম শুরুর লক্ষ্যে জমি অধিগ্রহণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মতামত প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় জনগণের সুবিধার বিষয়টি বিবেচনায় নিয়ে সিলেট জেলাধীন গোলাপগঞ্জ উপজেলার লক্ষ্মীপাশা ইউনিয়নের বারোকোট গ্রামে অবস্থিত মোঘল স্থাপত্যের প্রত্নতত্ত্ব নিদর্শন 'দেওয়ানের পুল' ভাঙ্গা/সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বালাগঞ্জ উপজেলাধীন বাংলাবাজার রোডের নির্মাণ কাজ শুরুর লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট |
| ৫. | গণপূর্ত বিভাগ | সিলেট জেলার সকল মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | বালাগঞ্জ উপজেলায় মডেল মসজিদের কার্যক্রম পুনরায় চালুকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট |
| ৬. | ইসলামিক ফাউন্ডেশন | সিলেট জেলার সকল মডেল মসজিদের নির্মাণ কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | সিলেট সদর উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে মডেল মসজিদের জায়গা নির্ধারণ করতে হবে। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট<br>২. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট<br>৩. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | সিলেট সিটি কর্পোরেশন | শহরের ভিতরে অবৈধভাবে ট্রাক পার্কিং নির্ধারিত টার্মিনালে স্থানান্তর ও নদীর পাড় পরিষ্কারকরণ বিষয়ে আলোচনা হয়। | ১. শহরের ভিতরে অবৈধভাবে ট্রাক পার্কিং সরিয়ে নির্ধারিত টার্মিনালে নেয়ার বিষয়ে সংশ্লিষ্ট সমিতিকে নির্দেশনা প্রদান এবং নির্দেশনা অমান্য করলে প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. সিলেট নগরীর অধিভুক্ত সুরমা নদীর পাড় পরিষ্কারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক, সিলেট |
| ৮. | জেলা পরিষদ | কোম্পানীগঞ্জের ভোলাগঞ্জ, ওসমানীনগর ও দক্ষিণ সুরমা উপজেলায় ডাক বাংলো নির্মাণ নিয়ে আলোচনা হয়। | ১. কোম্পানীগঞ্জের ভোলাগঞ্জে ডাক বাংলো নির্মাণের লক্ষ্যে সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ওসমানীনগর ও দক্ষিণ সুরমা উপজেলায় ডাক বাংলো নির্মাণের লক্ষ্যে জমি নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর/দক্ষিণ সুরমা/কোম্পানীগঞ্জ, সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর/দক্ষিণ সুরমা/কোম্পানীগঞ্জ, সিলেট |
| ৯. | পানি উন্নয়ন বোর্ড | সিলেট জেলার জকিগঞ্জ উপজেলাধীন কুশিয়ারা নদীর ডাইকের পাশ দিয়ে সৃষ্ট ফাটলের ফলে বিভিন্ন সমস্যা ও সমাধানকল্পে আলোচনা হয়।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বিয়ানীবাজার জানান, বিয়ানীবাজার উপজেলাধীন দুবাগ চরে বালু উত্তোলনের ফলে চরিয়া নামে একটি গ্রাম দিন দিন নদীগর্ভে বিলীন হচ্ছে। তিনি দুবাগ চর এলাকা পরিদর্শনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সিলেট জেলার জকিগঞ্জ উপজেলাধীন কুশিয়ারা নদীর ডাইকের পাশ দিয়ে সৃষ্ট ফাটল মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. বিয়ানীবাজার উপজেলাধীন দুবাগ চর এলাকায় বালু উত্তোলনের ফলে স্থানীয় জনগণের সমস্যার বিষয়টি নিরূপণের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকা সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট<br>২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট<br>৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট |
| ১০. | এসএমপি | এসএমপির প্রতিনিধি জানান, ৪ তলা বিশিষ্ট একটি ডরমিটরির কার্যক্রম ধীরগতিতে চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট |
| ১১. | পুলিশ সুপারের কার্যালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | পর্যটন এলাকা গোয়াইনঘাটের জাফলংয়ে ওয়াশ ব্লক/পাবলিক টয়লেট নির্মাণ বিষয়ে আলোচনা হয় | পর্যটন এলাকা গোয়াইনঘাটের জাফলংয়ে পাবলিক টয়লেট নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |
| ১৩. | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে দপ্তরসমূহ বরাদ্দ চেয়ে সংশ্লিষ্ট উর্ধ্বতন অফিস বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দক্ষিণ সুরমা মডেল মসজিদের বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর আলোচনান্তে সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br>৩. ওসমানীনগর উপজেলায় বিদ্যুতের সাব-স্টেশন নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল), সিলেট<br>২. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা/ওসমানীনগর, সিলেট<br>৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট<br>৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট<br>৬. ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| ১৪. | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষির গুরুত্ব বিবেচনায় সেচ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | কৃষির গুরুত্ব বিবেচনায় সেচ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| ১৫. | বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, সিলেট | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষির গুরুত্ব বিবেচনায় সেচ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | কৃষির গুরুত্ব বিবেচনায় সেচ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট আউশ মৌসুম আসন্ন মর্মে সভায় অবহিত করেন। সিলেটের অনেক পতিত জমি রয়েছে সেগুলোতে সরিষার মত আউশ উৎপাদনের সুযোগ রয়েছে। এখন থেকে ব্যবস্থা গ্রহণ করলে সরিষার মত আউশ উৎপাদনে বিপ্লব ঘটানো সম্ভব হবে। এজন্যে সরিষার মৌসুমে যেমন সরিষা বীজ ক্রয়ে উপজেলা পরিষদ অর্থায়ন করেছেন, তেমনি আউশের বীজ ক্রয়ে উপজেলা পরিষদ অর্থায়ন করলে স্বাভাবিকের তুলনায় ব্যাপক উৎপাদন বৃদ্ধি সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি বলেন, গত সেপ্টেম্বর/২০২২ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদসমূহ হতে মোট ১৭ (সতেরো) লক্ষ টাকার সরিষা বীজ ক্রয় করে প্রকৃত কৃষকগণের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছিলো। মৌসুম শুরুর সাথেই কৃষকদের কাছে সরিষা বীজ পৌঁছার ফলে এ বছর ১৮৭৮ হেক্টর জমি বেশি সরিষা চাষ হয়েছে। তাই যদি উপজেলা পরিষদের অর্থায়নে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার আউশ ধানের বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয় তাহলে নির্ধারিত সময়ে বীজ রোপন ও কর্তন সম্ভব হবে, সর্বোপরি আউশের উৎপাদন বৃদ্ধি পাবে। উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | উপজেলা পরিষদের অর্থায়নে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার আউশ ধানের বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৭. | বিএডিসি (সেচ) বিভাগ, সিলেট | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ) জানান, সিলেট সদর উপজেলার হাটখোলা ইউনিয়নের বড়কাপন মৌজায় নাইয়ারধার খাল হতে বিদ্যুৎ লাইন স্থানান্তর করা প্রয়োজন। পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর এই খাতে কোন বরাদ্দ না থাকায় কাজটি সম্পন্ন করা যাচ্ছেনা বলে জানান। এ ব্যাপারে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। এছাড়া ১৫ (পনের)টি সেচ যন্ত্রের স্কীমে সেচ নালা নির্মাণ কাজ প্রায় শেষের দিকে। এ বছর নতুন করে ১৭ (সতের)টি সেচ যন্ত্র স্থাপন করা হচ্ছে। সেচ স্কীমে সংযোগ প্রদান অব্যাহত আছে। বাকী সেচ স্কীম চালুর ব্যাপারে কৃষককে আগ্রহী করা হচ্ছে। রাজস্ব বাজেটের আওতায় চলমান কাজ সঠিক সময়ে শেষ করার জন্য সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানদের তাগাদা প্রদান করা হচ্ছে।<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষির গুরুত্ব বিবেচনায় সেচ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | ১. সিলেট সদর উপজেলার হাটখোলা ইউনিয়নের বড়কাপন মৌজায় নাইয়ারধার খালের বিদ্যুতের খুঁটি স্থানান্তরের জন্য বিএডিসির রাজস্ব বাজেটের বিদ্যুৎ লাইন নির্মাণ খাত হতে সমন্বয় করে খাল খননেন কাজ শেষ করতে হবে।<br>২. কৃষক যাতে সঠিক সময়ে সেচ দিতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | বিএডিসি (বীজ) বিভাগ, সিলেট | বীজের সংগ্রহ ও বিতরণ কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের অর্থায়নে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার আউশ ধানের বীজ (মৌসুম শুরুর পূর্বে সরবরাহের নিশ্চয়তা সাপেক্ষে) উপপরিচালক, বিএডিসি (বীজ বিপণন), সিলেট হতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপপরিচালক, বিএডিসি (বীজ), সিলেট<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), সিলেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৯. | বিএডিসি (সার) বিভাগ, সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২০. | জেলা খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট জানান, অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে সিলেট জেলায় ৬৮৩৫ মেঃটন ধান এবং ৪৫৩১ মেঃটন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সংগ্রহ সময়সীমা-১৭/১১/২০২২ হতে ২৮/০২/২০২৩ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। প্রতিকেজি ধানের মূল্য-২৮/-(আঠাশ) এবং প্রতিকেজি সিদ্ধচালের মূল্য-৪২ (বিয়াল্লিশ) টাকা। এ পর্যন্ত ১৫টি মিলের সাথে ১৮১২ মেঃটন সিদ্ধ চালের চুক্তি সম্পাদন করা হয়েছে। বিগত ১০/০১/২৩ তারিখ পর্যন্ত ৪৭৪ মে.টন চাল এবং ৬৬৫ মে.টন ধান সংগৃহীত হয়েছে। সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। গত ২০/১১/২০২২ তারিখে জেলা সংগ্রহ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আমন সংগ্রহ ২০২২-২৩ মৌসুমে খাদ্যশস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তর সমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য সংগ্রহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট |
| ২১. | জেলা মৎস্য বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২২. | জেলা প্রাণিসম্পদ বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৩. | সিলেট বন বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৪. | পরিবেশ অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৫. | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৬. | জেলা শিক্ষা অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৭. | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮. | জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ২৯. | জেলা সমাজসেবা কাযালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩০. | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সিলেট জানান, ডিসেম্বর/২০২২ মাসে নতুন ৩৭ জন রোগীকে সেবা দেওয়া হয়েছে এবং নিয়মিত সেবা নিয়েছেন ১৮৯৩ জন। শুরু হতে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত রেজিস্ট্রেশনকৃত মোট রোগী ৮০২৬ জন এবং নিয়মিত সেবা গ্রহণকারীর সংখ্যা মোট ১,৬৫,৮১৩ জন। মোবাইল থেরাপি ভ্যান-০৩৭ এর মাধ্যমে বিভিন্ন উপজেলায়, ইউনিয়ন পর্যায়ে ও আমতৈল গ্রামে ক্যাম্পেইন করে সেবা প্রদান করা হচ্ছে। ডিসেম্বর/২০২২ পর্যন্ত মোবাইল থেরাপি ভ্যান-০৩৭ এর মাধ্যমে নিবন্ধিত সেবা গ্রহীতা ১৩৩৯ জন এবং তাদের প্রদত্ত সেবাসংখ্যা ৯৯২৭ জন। | বিশ্বনাথ উপজেলাধীন প্রতিবন্ধী অধ্যুষিত আমতৈল প্রতি মাসে একবার ভিজিট করতে হবে। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৩১. | মহিলা বিষয়ক অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩২. | জেলা শিশু একাডেমী | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৩. | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রতিনিধি, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট জানান, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়াং পিপলস অব বাংলাদেশ (টেকাব) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরে সিলেট জেলার ১৩টি উপজেলায় ০১ মাস মেয়াদি ভ্রাম্যমান কম্পিউটার ভ্যানের মাধ্যমে প্রতি উপজেলায় ৪০ জন করে ৫২০ জন বেকার যুব ও যুব মহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপলস অব বাংলাদেশ (টেকাব) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যুব ও যুব মহিলাদেরকে উদ্বুদ্ধ করতে হবে। | ১. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট |
| ৩৪. | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫. | ঔষধ প্রশাসন | ঔষধ তত্ত্বাবধায়ক, সিলেট জানান, ডিসেম্বর/২০২২ মাসে সিলেট জেলার শহর ও উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২জন ব্যক্তি ও ৭টি দোকানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয় এবং সর্বমোট ৪৭,৫০০/- জরিমানা আদায় করা হয়। এছাড়াও নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। শহরের বড় ফার্মেসিগুলোতে অভিযান পরিচালনার বিষয়ে আলোচনা হয়। | নকল, ভেজাল, আনরেজিস্টার্ড ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ প্রতিরোধে শহরের বড় ফার্মেসিগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, সিলেট |
| ৩৬. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ভোক্তা অধিকারের নিয়মিত অভিযান পরিচালনা নিয়ে সভা আলোচনা হয়। | শহরের ছোট/বড় দোকানগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |
| ৩৭. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দৃশ্যমান অভিযান পরিচালনা করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, সিলেট |
| ৩৮. | ফায়ার সার্ভিস সিলেট | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৩৯. | জেলা নির্বাচন অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪০. | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪১. | জেলা তথ্য অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪২. | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৩. | পিডিবিএফ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৪. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক জানান, ২০১৮ সাল থেকে ০৫ ফেব্রুয়ারি ‘জাতীয় গ্রন্থাগার দিবস’ দেশব্যাপী উদ্‌যাপন করা হয়ে থাকে। আগামি ৫ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ‘জাতীয় গ্রন্থাগার দিবস’ উদযাপন করা হবে। | আগামি ৫ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ‘জাতীয় গ্রন্থাগার দিবস’ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট |
| ৪৫. | বিআরডিবি | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৬. | জেলা পরিসংখ্যান অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৭. | বিএসটিআই | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৪৮. | জেলা ক্রীড়া অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৯. | জেলা সমবায় অফিস | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫০. | বিসিক | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫১. | নগর উন্নয়ন অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫২. | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৩. | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৪. | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৫. | বিটিসিএল | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৬. | জেলা ডাক বিভাগ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৭. | বাংলাদেশ রেলওয়ে | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৮. | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৫৯. | আঞ্চলিক শ্রম দপ্তর | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬০. | বিআরটিএ | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |
| ৬১. | তাঁত প্রশিক্ষণ কেন্দ্র | আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬২. | জালালাবাদ গ্যাস | জালালাবাদ গ্যাস কর্তৃক বক্ষব্যাধি হাসপাতালের গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে জালালাবাদ গ্যাসের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রাক্তন সিনিয়র সচিব মহোদয় (বর্তমানে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়) সরকারী প্রতিষ্ঠানের গ্যাস বিল আদায়ের জন্য নির্দেশনা প্রদান করেছেন। গ্যাস বিল পরিশোধে ব্যর্থ প্রতিষ্ঠানসমূহের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশনা দিয়েছেন। জালালাবাদ গ্যাসের প্রতিনিধি আরও জানান, সরকারী প্রতিষ্ঠানের বকেয়া গ্যাস বিল পরিশোধের বিষয়ে ইতোপূর্বে সভাপতির মাধ্যমে সকল সরকারী প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সভায় সভাপতি জালালাবাদ গ্যাসের গ্যাস বিল পরিশোধের জন্য পুনরায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জালালাবাদ গ্যাসের প্রতিনিধি জানান, ইতোমধ্যে বক্ষব্যাধি হাসপাতালে গ্যাস পুনঃসংযোগ প্রদান করা হয়েছে। পরিশেষে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের যেমন: পুলিশ সুপারের কার্যালয়, ওসমানী মেডিকেল, সিলেট রেলওয়ে স্টেশন, সড়ক ও জনপথ ইত্যাদি সরকারী প্রতিষ্ঠানের বকেয়া বিল পরিশোধের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়। | বিভিন্ন সরকারি দপ্তরের বকেয়া গ্যাস বিল পরিশোধ করতে হবে। | ১. দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল), সিলেট<br>২. উপমহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট |
| ৬৩. | | *সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানীত উপদেষ্টা ও সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব হাবিবুব রহমান হাবিব এমপি তাঁর নির্বাচনী এলাকায় অনেকগুলো কাজের টেন্ডার হলেও অদ্যাবধি কাজ শুরু হয়নি মর্মে সভায় অবহিত করেন।<br>( ক) <u>তথ্য প্রযুক্তির ব্যবহার ও ই-ফাইলিং কার্যক্রমঃ</u> তথ্য প্রযুক্তির ব্যবহারে ই ফাইলিং কার্যক্রমে ই-ফাইল এর পরিবর্তে আগামিতে ডি-ফাইল ব্যবহার করা হবে। ডি-ফাইলে আরো অধিক সুবিধা পাওয়া যাবে। বর্তমানে ই-নথির কার্যক্রম অনেক ভালো। স্মার্ট বাংলাদেশ নির্মাণ করতে হলে তথ্য প্রযুক্তির ব্যবহার আরো বৃদ্ধি করতে হবে। ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট সেবা চালুর লক্ষ্যে অপটিক্যাল ফাইবারের লাইন নেয়া হয়েছিল। ইউনিয়ন পরিষদের পরবর্তী কার্যক্রম সেখানেই থেমে আছে। ইউনিয়ন পরিষদ পর্যন্ত অপটিক্যাল ফাইবারের লাইনের বিষয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | * সিলেট-৩ আসন তথা ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ ও দক্ষিণ সুরমায় যে সকল কাজের টেন্ডার হয়েছে, সেগুলো দ্রুত শুরুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১. সকল দপ্তরসমূহে যোগাযোগের ক্ষেত্রে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে। অফিসিয়াল ইমেইল সক্রিয় না থাকলে দ্রুততার সাথে সক্রিয় করতে হবে।<br>২. সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির পাশাপাশি ডি-নথির বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা নিতে হবে। | ১.দপ্তর প্রধান (সকল), সিলেট<br>২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ | (খ)দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানঃ প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখা, ঢাকা ও ২৬ জানুয়ারি-২০১৫ তারিখের ২৬৮ নম্বর স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩-১১-২০১৪ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিদর্শনকালীন দিক নির্দেশনাসমূহ নিম্নরূপ:<br>১। বিদেশে বাংলাদেশী কর্মীদের আরো অধিক হারে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও দক্ষ শ্রমশক্তি সৃষ্টির জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।<br>২। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে অন্যান্য যে সকল মন্ত্রণালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে তাদের সঙ্গে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিক হারে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকল বিভাগ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে নীতিমালার আলোকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল) |
| | | (গ)দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তঃ দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্ক্ষিত পর্যায়ে এখনও পৌছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গেছে যে, দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছর প্রায় ২%বৃদ্ধি করা সম্ভব। তাই দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিংয়ের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে জেলার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ সনাক্তকরণপূর্বক দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্তকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**সূত্র:** মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৩/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৮৫ নম্বর ডি.ও পত্র। | সংশ্লিষ্ট দপ্তরসমূহকে দুর্নীতি প্রতিরোধে তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে জেলার বিভিন্ন বিভাগের গৃহীত উন্নয়ন কার্যক্রম মানসম্মতভাবে যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে সরকারের অঙ্গীকার পূরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ ও সভায় নিয়মিত উপস্থিত হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০৫.২০.১১৭

তারিখ: ২২ মাঘ ১৪২৯
০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৬) পুলিশ সুপার, সিলেট
৭) সিভিল সার্জন, সিলেট
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১০) উপপুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি
১১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১২) নির্বাহী প্রকৌশলী .............................................. (সকল), সিলেট
১৩) চেয়ারম্যান ....................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট
১৪) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট
১৫) মেয়র ..........................................., পৌরসভা (সকল), সিলেট
১৬) পরিচালক/উপপরিচালক, ....................................... (সকল), সিলেট
১৭) জেলা .................................................................. কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৮) সহকারী পরিচালক...............................(সকল),সিলেট
১৯) জেলা প্রাণিসম্পদ অফিসার, সিলেট
২০) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
২১) জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট
২২) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
২৩) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
২৪) ঔষধ প্রশাসন, সিলেট
২৫) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিলেট
২৬) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
২৭) জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
২৮) জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট
২৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট
৩০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), সিলেট
৩১) নিরাপদ খাদ্য অফিসার, সিলেট
৩২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩৩) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট

৩৪) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট
৩৫) জেলা ক্রীড়া অফিসার, সিলেট
৩৬) জেলা রেজিস্ট্রার, সিলেট
৩৭) জেলা নির্বাচন অফিসার, সিলেট
৩৮) জেলা কালচারাল অফিসার, সিলেট
৩৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
৪০) জেলা সমবায় অফিসার, সিলেট
৪১) উপ-মহাব্যবস্থাপক, বিসিক, খাদিমনগর, সিলেট
৪২) উপ-কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট
৪৩) উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
৪৪) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট
৪৫) উপমহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিলেট
৪৬) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট
৪৭) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট
৪৮) সুপারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট
৪৯) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
৫০) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট
৫১) উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট
৫২) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট
৫৩) আবহাওয়াবিদ, নির্ভরশীল আবহাওয়া অফিস, সিলেট
৫৪) প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট
৫৫) ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ তাঁত বোর্ড, সিলেট
৫৬) উপব্যবস্থাপক (বিক্রয়), মেঘনা পেট্রোলিয়াম লি: সিলেট
৫৭) জুনিয়র কনসালটেন্ট (ট্রেনিং), ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত, সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ কার্যক্রম, সিলেট
৫৮) ব্যবস্থাপক, যমুনা অয়েল কোম্পানী লি: সিলেট
৫৯) ব্যবস্থাপক, পদ্মা অয়েল কোম্পানী লি: ,সিলেট
৬০) প্রতিনিধি, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লি: ঢাকা
৬১) ---------------------------------------------------------------------------, সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক